নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
Phone: +88 02334496522; +88 02334496501
Email: registrar@office.nstu.edu.bd
Web: www.nstu.edu.bd

রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
Department of Political Science
Phone: 02334496512; +88 01716887743
Email: bms@office.nstu.edu.bd

## ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর (মাস্টার্স) ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social,Science in Political Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন বিভাগীয় অফিস থেকে আগামী ২৫ জুন ২০২৫ তারিখ থেকে ৭ জুলাই ২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

**ডিগ্রি: এমএসএস ইন পলিটিক্যাল সাইন্স**

**ভর্তির যোগ্যতা:**

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে (রাষ্ট্রবিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক এবং পিস এন্ড কনফ্লিক্ট স্টাডিজ) স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। যাদের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষাবর্ষ ২০১৮-১৯ অথবা ২০১৯-২০, শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।
২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।
৩। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিস্থ প্রার্থীর ক্ষেত্রে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৪। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে**

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫। ভর্তি ফরম ক্রয়ের রসিদ (মানি রিসিট) এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

(signature) ২৪/৬/২৫

অধ্যাপক ড. দিব্যদ্যুতি সরকার
চেয়ারম্যান
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

অনুলিপি:
১। ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৭। অফিস নথি।